দৈনিক ইত্তেফাক

তারিখ 05 SEP 1999
পৃষ্ঠা ... ৯ ... কলাম ... ৮

৭৭

৫৩

## রামগড় ডিগ্রী কলেজ

১৯৮১ সালে প্রতিষ্ঠিত রামগড় সদর উপজেলার একমাত্র ডিগ্রী কলেজটি বহুবিধ সমস্যায় জর্জরিত। কলেজে ছাত্র-ছাত্রীর সংখ্যা প্রায় পাঁচশত। কলেজের প্রধান সমস্যা অর্থাভাব, অর্থাভাবের কারণে কলেজের জরুরী উন্নয়নের কাজে হাত দেওয়া যাইতেছে না। বেতন বকেয়া থাকিতেছে শিক্ষক ও কর্মচারিগণের। শ্রেণীকক্ষ অপ্রতুল হওয়ায় প্রতি বেঞ্চে পাঁচ-ছয়জন করিয়া বসিতে হয়। কখনও কখনও দাঁড়াইয়া ক্লাস করিতে হয়। কলেজের বিজ্ঞানাগারে প্রয়োজনীয় যন্ত্রপাতি, লাইব্রেরীতে বই-পুস্তক এবং অন্যান্য শিক্ষা সরঞ্জাম না থাকায় ছাত্র-ছাত্রীরা উপযুক্ত শিক্ষা হইতে বঞ্চিত হইতেছে। অনতিবিলম্বে কলেজটিকে জাতীয়করণ করিয়া বিরাজমান সমস্যা সমাধানের পদক্ষেপ গ্রহণ করিবার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দাবী জানাইতেছি।

—মোঃ নিজাম উদ্দিন লাভলু, ডেবারপাড়, রামগড়, পার্বত্য খাগড়াছড়ি।